

## ■ সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩১১৫

১৯/ হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৯/১০৮, মদীনার ফ্যীলাত

بَابِ فَضْلِ الْمَدِينَةِ

আরবী

حَدَّثَنَا هَنَّادُ بْنُ السَّرِّيِّ، حَدَّثَنَا عَبْدَةُ، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مِكْنَفٍ، قَالَ سَمِعْتُ أَنَّسَ بْنَ مَالِكَ، يَقُولُ إِنَّ رَسُولَ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - قَالَ "إِنَّ أَحَدًا جَبَلٌ يُحِبُّنَا وَنَحْبُبُهُ وَهُوَ عَلَى تُرْعَةٍ مِنْ تُرْعَةِ الْجَنَّةِ وَعَيْرٌ عَلَى تُرْعَةٍ مِنْ تُرْعَةِ النَّارِ" .

বাংলা

৫/৩১১৫। আবদুল্লাহ ইবনে মিকনাফ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আনাস ইবনে মালেক (রাঃ)-কে বলতে শুনেছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ উহুদ একটি পাহাড়, সে আমাদের ভালোবাসে এবং আমরাও তাকে ভালোবাসি। তা জান্নাতের টিলাসমূহের একটির উপর অবস্থিত। আর আইর পাহাড় দোয়খের টিলাসমূহের একটির উপর অবস্থিত।

## English

It was narrated that 'Abdullah bin Miknaf said:

"I heard Anas bin Malik say: 'The Messenger of Allah (ﷺ) said: "Uhud is a mountain which loves us and we love it, and it stands at one of the gates of Paradise. And 'Aer\* stands at one of the gates of Hell.'"

ফুটনোট

সহীলুল বুখারী ২৮৮৯, ২৮৯৩, ৩৩৬৭, মুসলিম ১৩৯৩, তিরমিয়ী ৩৯২২, আহমাদ ১২০১৩, ১২১০১, ১৩১১৩, ১৩১৩৩, মুয়াত্তা মালেক ১৬৪৫, যইফাহ ১৮২০, যইফ আল-জামি ১৩৬৮।

তাহকীক আলবানীঃ খুবই দুর্বল। উক্ত হাদিসের রাবী আবদুল্লাহ বিন মিকনাফ সম্পর্কে আবু হাতিম বিন হিবান বলেন, তার হাদিস দ্বারা দলীল পেশ করা সঠিক নয়। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহল বা

অপরিচিত। ইমাম যাহাবী বলেন, তিনি দুর্বল। তাহরীর তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তিনি দুর্বল।  
(তাহযীবুল কামালঃ রাবী নং ৩৫৯১, ১৬/১৭৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=44079>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন